# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২২২৩

৩৬/ ফিতনা (كتاب الفتن عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ছাকীফ গোত্রে একজন মিথ্যুক এবং একজন সন্ত্রাসী খুনী ব্যক্তির জন্ম হবে।

## بَابُ مَا جَاءَ فِي ثَقِيفٍ كَذَّابٌ وَمُبِيرٌ

---

আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّثَنَا الْفَضْلُ بْنُ مُوسَى، عَنْ شَرِيكِ بْنِ عَبْدِ اللَّهِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُصْمٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " فِي ثَقِيفٍ كَذَّابٌ وَمُبِيرٌ " . قَالَ أَبُو عِيسَى يُقَالُ الْكَذَّابُ الْمُخْتَارُ بْنُ أَبِي عُبَيْدٍ وَالْمُبِيرُ الْحَجَّاجُ بْنُ يُوسُفَ . حَدَّثَنَا أَبُو دَاوُدَ سُلَيْمَانُ بْنُ سَلْمٍ الْبَلْخِيُّ أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ عَنْ هِشَامِ بْنِ حَسَّانَ قَالَ أَحْصَوْا مَا قَتَلَ الْحَجَّاجُ صَبْرًا فَبَلَغَ مِائَةَ أَلْفٍ وَعِشْرِينَ أَلْفَ قَتِيلٍ . قَالَ أَبُو عِيسَى وَفِي الْبَابِ عَنْ أَسْمَاءَ بِنْتِ أَبِي بَكْرٍ .
حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ وَاقِدٍ، حَدَّثَنَا شَرِيكٌ، نَحْوَهُ بِهَذَا الإِسْنَادِ . وَهَذَا حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ شَرِيكٍ . وَشَرِيكٌ يَقُولُ عَبْدُ اللَّهِ بْنُ عُصْمٍ وَإِسْرَائِيلُ يَقُولُ عَبْدُ اللَّهِ بْنُ عَصْمَةَ .

বাংলা

২২২৩. আলী ইবন হুজর (রহঃ) ...... ইবনু উমার রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ছাকীফ গোত্রে মিথ্যুক ও সন্ত্রাসী খুনী ব্যক্তির জন্ম হবে।

সহীহ, মুসলিম ৭/১৯১, তিরমিজী হাদিস নম্বরঃ ২২২০ [আল মাদানী প্রকাশনী]

(আবু ঈসা বলেন) কথিত আছে যে, এই মিথ্যাবাদী ব্যক্তিটি হলো মুখতার ইবন আবূ উবায়দ (সে দাবী করত যে, তার নিকট জিবরীল আসেন) আর সন্ত্রাসী খুনী ব্যক্তিটি হল হাজ্জাজ ইবন ইউসুফ।

আবূ দাউদ সুলায়মান ইবন সালম বালখী (রহঃ) ... হিশাম ইবন হাসসান (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, যে সমস্ত ব্যক্তিদের হাজ্জাজ বেধে এনে হত্য করেছিল তাদের সংখ্যা একলাখ বিশ হাজারে পৌছে যায়। এ বিষযে আসমা বিনত আবূ বকর রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।

আবদুর রহমান ইবন ওয়াকিদ (রহঃ) ... শারীফ (রহঃ) থেকে অনুরূপ বর্ণিত আছে। হাদীসটি ইবন উমার রাদিয়াল্লাহু আনহু-এর রিওয়ায়াত হিসাবে হাসান-গারীব। শারীক (রহঃ) এর সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা অবহিত নই। শারীক বলেন, রাবীর নাম হল আবদুল্লাহ ইবন উস্‌ম, আর ইসরাইল বলেন তার নাম হল আবদুল্লাহ ইবন ইসমা।

## English

Ibn 'Umar narrated that the Messenger of Allah(s.a.w) said:
"In Thaqif there will be a great liar and destroyer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37578

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন